
যুগান্তর
প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩২ এএম

শিক্ষাঙ্গন

# চবিতে শিক্ষার্থীদের সাত দফা দাবি না মানলে কঠোর কর্মসূচি

চবি প্রতিনিধি
প্রকাশ: ০৫ সেপ্টেম্বর ২০২৫, ১০:৪১ পিএম



পদত্যাগসহ সাত দফা দাবি জানিয়েছেন আবিষ্কার সচেতন শিক্ষার্থীরা।

শুক্রবার বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসের সামনে আয়োজিত সংবাদ সম্মেলনে তারা জানান, প্রক্টরিয়াল বডি পদত্যাগ না করলে এবং সাত দফা দাবি মেনে না নিলে কঠোর কর্মসূচি দেওয়া হবে।

চবি শিক্ষার্থী ওমর সমুদ্রের সঞ্চালনায় সংবাদ সম্মেলনে ইশতিয়াক আহমেদ লিখিত বক্তব্য ও সুসান কবির দাবি পাঠ করেন। তারা বলেন, প্রশাসন ও প্রক্টরিয়াল বডির দায়িত্বজ্ঞানহীনতা, অপরাধ ও উদাসীনতার বিরুদ্ধে আমরা সাত দফা দাবিতে আন্দোলন করছি। বিভ্রান্ত না হয়ে সাত দফা দাবির সঙ্গে সাধারণ শিক্ষার্থীদের সংহতি পোষণের আহ্বান জানান তারা।

সংবাদ সম্মেলনে গণতান্ত্রিক ছাত্র কাউন্সিল, বিপ্লবী ছাত্র মৈত্রী, বিপ্লবী ছাত্র-যুব আন্দোলন এবং নারী অঙ্গনের নেতারা উপস্থিত ছিলেন।

তাদের দাবির মধ্যে রয়েছে- প্রশাসনের উদ্যোগে আহত শিক্ষার্থীদের মানসম্মত চিকিৎসা ও আহত শিক্ষার্থীদের পূর্ণ তালিকা প্রকাশ। প্রয়োজনে ক্যাম্পাস অভ্যন্তরে শিক্ষার্থীদের জন্য নিরাপদ ভ্রাম্যমান আবাসনের ব্যবস্থা করা। শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা। হামলায় জড়িত নয়-এমন নিরপরাধ এলাকাবাসীকে হয়রানি থেকে বিরত রাখা। দ্বন্দ্ব ও সংঘাত নিরসনে কার্যকর সমন্বয় কমিটি গঠন করা। প্রক্টরিয়াল বডির পদত্যাগ।